

স্নাতকোত্তর পাঠক্রম ( P.G. )

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা ( Term End Examination ) : জুন, ২০২৩ / ডিসেম্বর, ২০২৩

বাংলা ( Bengali )

প্রথম পত্র ( 1st Paper )

**BANGLA SAHITYER ITIHAS**

সময় : চার ঘণ্টা

Time : 4 hours

পূর্ণমান : ১০০

Full Marks : 100

( মানের গুরুত্ব : ৮০% )

( Weightage of Marks : 80% )

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

**Special credit will be given for precise and correct answer. Marks will be deducted for spelling mistakes, untidiness and illegible handwriting. The figures in the margin indicate full marks.**

- ১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দিন ( অনধিক ৪৫০ শব্দে ) : ১৮ × ২ = ৩৬
- ক) বাংলা সাহিত্যের সামগ্রিক পাঠে যুগবিভাগ গুরুত্বপূর্ণ একটি বিষয় — আপনার বাংলা সাহিত্যের ইতিহাস পাঠের অভিজ্ঞতায় এই ‘যুগবিভাগ’ কীভাবে আসে পর্যায়ক্রমিকভাবে লিখুন।
- খ) চর্যার গানগুলির আবিষ্কারের ইতিবৃত্ত সংক্ষেপে উল্লেখ করে এগুলির মধ্যে নিহিত সমাজের ছবিটি উন্মোচন করুন। ৪ + ১৪
- গ) মঙ্গলকাব্য কী? বাংলা সাহিত্যে মঙ্গলকাব্যের ধারাটি উল্লেখ করে চৈতন্য পূর্ববর্তী ও পরবর্তী মঙ্গলকাব্যের তুলনামূলক আলোচনা করুন। ৪ + ১৪
- ঘ) বাংলা গদ্যসাহিত্যের বিকাশে রামমোহন রায় এবং ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের অবদান সম্পক্ষে সংক্ষেপে আলোচনা করুন। ৯ + ৯
- ২। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দিন ( অনধিক ৩০০ শব্দে ) : ১২ × ৩ = ৩৬
- ক) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যটির আবিষ্কার ও প্রকাশবৃত্তান্ত সংক্ষেপে উল্লেখ করে কাব্যটির গঠন এবং যে-কোনো দুটি খণ্ডের আখ্যানবস্তুর পরিচয় দিন। ২ + ৩ + ৭

- খ) বাংলা উপন্যাসের সূচনাপর্বে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় উপন্যাসের যে-জগৎ পাঠকের সামনে তুলে ধরেছিলেন, সেগুলি উল্লেখ করে তাঁর ঔপন্যাসিক প্রতিভার মূল্যায়ন করুন ।
- গ) নাট্যকার গিরিশচন্দ্র ঘোষের নাট্যকৃতি সম্বন্ধে আলোচনা করুন ।
- ঘ) ছোটগল্পকার সুবোধ ঘোষ অথবা সমরেশ বসুর গল্পভূবনের সংক্ষিপ্ত পরিচিতি প্রদান করে তাঁদের ছোটগল্পের বৈচিত্র্যপূর্ণ জগতের ওপর আলোকপাত করুন ।
- ঙ) স্বাধীনতা-উত্তর বাংলা কথাসাহিত্যের গতিপ্রকৃতি বিষয়ে একটি নাতিদীর্ঘ প্রবন্ধ রচনা করুন ।
- চ) প্রাবন্ধিক রামেন্দ্রসুন্দর ত্রিবেদীর কৃতিত্ব বিচার করুন ।
- ৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দিন ( অনধিক ১৫০ শব্দে ) : ৭ × ৪ = ২৮
- ক) চণ্ডীদাস সমস্যা সম্পর্কে সংক্ষেপে লিখুন ।
- খ) ভারতচন্দ্রের অনন্যদামঙ্গল কাব্যের গঠন সম্বন্ধে সংক্ষেপে লিখুন ।
- গ) বাংলা গদ্যের বিকাশে শ্রীরামপুর মিশনের গুরুত্ব কোথায় ?
- ঘ) ‘বীরঙ্গনা কাব্য’ কার লেখা ? কাব্যটির মর্মবস্তু কী ?
- ঙ) দ্বিজেন্দ্রলাল রায়ের যে-কোনো একটি নাটকের বিষয়বস্তু সম্বন্ধে সংক্ষেপে লিখুন ।
- চ) টীকা লিখুন ( যে কোনো একটি ) :  
‘দিগদর্শন’, ‘সংবাদ প্রভাকর’ ও ‘তত্ত্ববোধিনী’ ।
- ছ) রবীন্দ্রনাথের ‘কালান্তর’ প্রবন্ধটির বিষয়বস্তু সম্বন্ধে সংক্ষেপে লিখুন ।
- জ) ‘কল্লোল যুগ’ বলতে কোন্ সময়ের সাহিত্যকে বোঝায় ? কোন্ কোন্ পত্রিকায় মূলত এই যুগের সাহিত্যের বৈশিষ্ট্য উচ্চারিত হয়েছিল ?